# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 12-07-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও আজ ১৬-তম রোজগার মেলা অনুষ্ঠিত হবে।

২) বীরভূমের ৬ পরিযায়ী শ্রমিককে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগ সম্পর্কে পশ্চিমবঙ্গ ও দিল্লি সরকারের মুখ্য সচিবকে পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) অনুব্রত মন্ডলের কুরুচিকর মন্তব্যের ঘটনায় কলকাতা হাইকোর্ট বীরভূম জেলা পুলিশ সুপারকে আগামী সোমবার জাতীয় মহিলা কমিশনে ভার্চুয়ালী হাজিরা দেওয়ার জন্য বলেছে।

৪) ঐতিহ্যমন্ডিত কুমোরটুলি ঘাটের সংস্কার ও সৌন্দর্যায়নের লক্ষ্যে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর কর্তৃপক্ষ এ পি এস ই জেডের সঙ্গে একটি সমঝোতা পত্র স্বাক্ষর করেছে।

৫) সবুজায়নের লক্ষে রাজ্যে আজ শুরু হচ্ছে বনমোহৎসব।

oooooooooooooooooo

১৬ তম রোজগার মেলা আজ অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৫১ হাজারেরও বেশি চাকরি প্রাপকদের হাতে নিয়োগ পত্র

তুলে দেবেন। রেল, স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক সহ একাধিক সরকারি মন্ত্রক ও দপ্তরে যোগ দেবেন চাকরি প্রাপকরা।

সারাদেশের ৪৭ টি জায়গার মধ্যে কলকাতার শিয়ালদায় বি সি রায় অডিটরিয়ামে রোজগার মেলার আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

অন্যদিকে, শিলিগুড়িতে উত্তর পূর্ব সীমান্ত রেলের এক অনুষ্ঠানেও চাকরী প্রাপকদের হাতে তুলে দেওয়া হবে নিয়োগপত্র। প্রতিমন্ত্রী অজয় টামটা সেখানে উপস্থিত থাকবেন।

oooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, বীরভূমের ছয় পরিযায়ী শ্রমিককে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগ সম্পর্কে পশ্চিমবঙ্গ ও দিল্লি সরকারের মুখ্য সচিবকে পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককেও এব্যাপারে খোঁজ খবর নেওয়ার নির্দেশ দিয়েছেন। আগামী বুধবার ১৬'ই জুলাই, সব পক্ষকে আদালতে হলফনামা'ও জমা দিতে বলেছে বেঞ্চ।

অন্যদিকে, রাজ্যের মন্ত্রী শশী পাঁজা গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, অন্য রাজ্যের বহু শ্রমিক ভিন্ন ভাষাভাষী হলেও পশ্চিমবঙ্গে নিশ্চিন্তে কাজ করছেন। নির্বাচন কমিশনের সাম্প্রতিক নিবিড় সংশোধন প্রক্রিয়ায় আধার কার্ড, ভোটার কার্ড গ্রহণ করার বিষয়ে সুপ্রীম কোর্ট যে নির্দেশ দিয়েছ, তারও উল্লেখ করেন তিনি

(বাইট- শশী পাঁজা)

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ, পশ্চিমবঙ্গ দিয়েই অনুপ্রবেশকারীরা সারা ভারতে ছড়িয়ে পড়েছে। এরাজ্যে নির্বাচন কমিশন এ ধরনের সমীক্ষা চালালে বহু ভোটার বাদ পড়বেন বলেও মন্তব্য করেন শ্রী অধিকারী।

(বাইট- শুভেন্দু)

অন্যদিকে, ভোটার তালিকা সংশোধনের এই প্রক্রিয়ার বিরোধিতা করে সি পি আই এম এল দলের সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য জানিয়েছেন, যে সমস্ত নথি চাওয়া হচ্ছে, তাতে পরিযায়ী শ্রমিকদের সঙ্গে-ই বহু মানুষের ভোটাধিকার চলে যাবে।

(বাইট – দীপঙ্কর)

প্রাক্তন কংগ্রেস সাংসদ অধীররঞ্জন চৌধুরী বলেছেন, এই যাচাই-এর ফলে সাধারণ মানুষ বিশেষ করে অনগ্রসর শ্রেণী সমস্যার সম্মুখীন হবে। এস আই আর-এর মাধ্যমে ভোটবন্দী পরিকল্পনা চলছে বলে অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooo

বোলপুর থানার আইসিকে তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মণ্ডলের কুরুচিকর মন্তব্যের ঘটনায় বীরভূমের জেলা পুলিশ সুপার আমনদীপ সিংকে আগামী সোমবার ১৪ জুলাই বেলা ১২ টার সময় জাতীয় মহিলা কমিশনে ভার্চুয়ালি হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানিয়েছেন, এসপি নিজে অথবা তার মনোনীত কোন আধিকারিক প্রয়োজনীয় নথি দিল্লিতে বৈদ্যুতিন মাধ্যমে পাঠাতে পারবেন। সব পক্ষকে হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে হবে। আগামী ৮ অগাস্ট ফের শুনানি এই মামলার।

oooooooooooooooooo

প্রাথমিক শিক্ষক নিয়োগের ২০১৭ ও ২০২২ সালের টেট পরীক্ষায় ভুল প্রশ্ন সংক্রান্ত অভিযোগের মামলায় কলকাতা হাইকোর্ট নতুন কমিটি গঠন করেছে।

গতকাল বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়ে জানান,প্রেসিডেন্সি ও যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং প্রাথমিক শিক্ষা পর্ষদের ১ জন করে বিশেষজ্ঞকে নিয়ে গঠিত হবে নতুন এই কমিটি। নব গঠিত কমিটি প্রশ্ন ভুল সংক্রান্ত বিষয়টি বিবেচনা করে ওই পরীক্ষায় কতগুলি প্রশ্ন নিয়ে বিভ্রান্তি রয়েছে এবং তার সঠিক উত্তর কি হবে তা আদালতকে জানাবে।

উল্লেখ্য, ওই দুই টেট পরীক্ষায় ৪৭-টি প্রশ্ন ভুল রয়েছে বলে অভিযোগ তুলে এর আগে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছিল। সে সময় আদালত বিশ্বভারতী, কলকাতা বিশ্ববিদ্যালয় এবং পর্ষদকে নিয়ে একটি কমিটি গঠন করেছিল। কিন্তু কয়েকটি প্রশ্ন নিয়ে ওই কমিটিতে মতানৈক্য দেখা দিলে হাইকোর্ট নতুন কমিটি গড়ার নির্দেশ দিয়েছে।

oooooooooooooooooo

গুজরাটের ভদোদরায় সেতু ভেঙে প্রাণহানির ঘটনার প্রেক্ষিতে রাজ্য সরকার সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে। পুরনো সেতুগুলিকে চিহ্নিত করে বিশেষ স্বাস্থ্য পরীক্ষা করতে রাজ্যের পূর্ত দফতর, জেলাগুলিকে নির্দেশ দিয়েছে। সংশ্লিষ্ট আধিকারিক ও ইঞ্জিনিয়ারদের কাছে এই মর্মে নির্দেশ পৌঁছে গেছে।

উল্লেখ্য, রাজ্যজুড়ে প্রায় আড়াই হাজার ছোট ও বড় সেতু রয়েছে। যদিও কতদিনে এই কাজ সম্পন্ন করতে হবে তা নির্দিষ্ট করে জানানো হয়নি।

oooooooooooooooooo

ঐতিহাসিক কুমোরটুলি ঘাটের সংস্কার এবং সৌন্দর্যায়নের জন্য কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর এবং আদানী পোর্ট ও বিশেষ অর্থনৈতিক অঞ্চল লিমিটেডের মধ্যে গতকাল একটি সমঝোতার স্মারকপত্র স্বাক্ষরিত হয়েছে। কলকাতা বন্দরের চেয়ারম্যান রথেন্দ্র রমন এবং APSEZ (অ্যাপসেজের) বিজনেস ডেভলাপমেন্ট প্রেসিডেন্ট সুব্রত

ত্রিপাঠী সহ উভয় সংস্থার আধিকারিকদের উপস্থিতিতে এই মৌ স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ঐতিহ্যের সঙ্গে সঙ্গতি রেখে এবং পরিবেশ বান্ধব ব্যবস্থার মাধ্যমে হুগলী নদীর তীরে অবস্থিত এই ঐতিহাসিক কুমোরটুলি ঘাটের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ করা হবে। এই সংস্কারের ফলে ঘাটটি কেবলমাত্র দর্শনীয় হবে না, তা হয়ে উঠবে আরও পরিষ্কার পরিচ্ছন্ন এবং নিরাপদ।

oooooooooooooooooo

নিম্নচাপজনিত কারনে গত কয়েকদিনের প্রবল বৃষ্টির ফলে দক্ষিনবঙ্গের বিভিন্ন জেলার কৃষিজমি ও নীচু এলাকা জলমগ্ন হয়ে পড়ার প্রেক্ষিতে পরিস্থিতি মোকাবিলায় সব ধরনের ব্যবস্থা গ্রহন করার জন্যে রাজ্য সরকার জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নবান্ন থেকে বিভিন্ন জেলার জেলাশাসকদের সঙ্গে পরিস্থিতি নিয়ে ভার্চুয়ালি পর্যালোচনা করেন। সেচ, বিপর্যয় মোকাবিলা, জনস্বাস্থ্য কারিগরী, পরিবহন দপ্তরের সচিবরা আলোচনায় উপস্থিত ছিলেন বলে জানা গিয়েছে। পরিস্থিতি বুঝে নীচু এলাকায় বসবাসকারী মানুষদের নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে আসার পাশাপাশি প্রয়োজনীয় ত্রান মজুত রাখা ও প্রশাসনের সবাইকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, একটানা বৃষ্টিতে ক্ষতির সুযোগ নিয়ে খোলা বাজারে সব্জির দাম যাতে সাধারনের নাগালের বাইরে চলে না যায় তার উপরে নজরদারিতে রাজ্য সরকারের গঠিত টাস্ক ফোর্সের সদস্যরা বিভিন্ন বাজার পরিদর্শন করছেন। গতকাল তাঁরা যান শিয়ালদার কোলে মার্কেটে। ক্রেতা ও বিক্রেতাদের সঙ্গে কথা বলে সবজি ও মাছের দাম খতিয়ে দেখেন তাঁরা। কোন ভাবে দাম বাড়ানোর চেষ্টা হলে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়।

oooooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর গত কয়েকদিন ধরে থাকা নিম্নচাপ কেটে গেছে। এই মুহূর্তে দক্ষিণ ও উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহা নির্দেশক সোমনাথ দত্ত।

(বাইট – সোমনাথ)

এদিকে, সমুদ্র উত্তাল হওয়ার সম্ভাবনা থাকায় মৎস্যজীবীদের চরম সতর্কতা অবলম্ব করতে বলা হয়েছে। পরিস্থিতি বিবেচনা করেই সমুদ্রে যাওয়ার পরামর্শ দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooo

সবুজায়নের লক্ষ্যে রাজ্যে এবছরের বনমহোৎসবের সূচনা হচ্ছে আজ (১২.০৭.২৫)। অরণ্যভবনে এর উদ্বোধন করবেন বনমন্ত্রী বিরবাহা হাঁসদা। এই উপলক্ষ্যে রাজ্যের সর্বত্র ব্লক স্তরের বিভিন্ন নার্সারি থেকে জনসাধারণকে বিনামূল্যে চারা গাছ বিতরণ করা হবে। বনমহোৎসব উপলক্ষে সরকারের পাশাপাশি বিভিন্ন অসরকারি সংগঠন, ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও সপ্তাহজুড়ে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেওয়ার প্রস্তুতি নিয়েছে।

oooooooooooooooooooo

যৌনকর্মীদের অধিকারের পক্ষে তিন দশকের নিরবচ্ছিন্ন আন্দোলনের কাহিনী মানুষের সামনে তুলে ধরতে দুর্বার মহিলা সমন্বয় কমিটি বিশেষ স্মারক অনুষ্ঠানের আয়োজন করছে । আজ থেকে ১৫ জুলাই পর্যন্ত উত্তর কলকাতার রবীন্দ্র সরণির রবীন্দ্র কানন পার্কে এই উপলক্ষ্যে একাধিক কর্মসূচির আয়োজন করা হয়েছে। থাকছে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে আলোচনা চক্র, যৌনকর্মী ও রূপান্তরকামীদের ফ্যাশন শো, সাংস্কৃতিক অনুষ্ঠান, রান্না ও হস্তশিল্পের স্টল, এবং শিশুদের জন্য বিশেষ ক্রীড়া অনুষ্ঠান। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা ৩০ জন যৌনকর্মী এবং অন্যান্য বিশিষ্টজনেরা যৌথভাবে উৎসবের সূচনা করবেন। বিভিন্ন দিন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিনোদন ও

লাইফস্টাইল দুনিয়ার খ্যাতনামা তারকারাও। দুর্বার-এর সম্পাদক বিশাখা লস্কর যৌনকর্মীদের অধিকার রক্ষার লড়াইকে সম্মান জানাতে, এই উৎসবে সবাইকে স্বাগত জানান।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের বেলদা থানার রানিসরাইতে ১৬ নম্বর জাতীয় সড়কের ওপর এক পথ দুর্ঘটনায় চার জনের মৃত্যু হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, ওড়িশাগামী একটি স্কোরপিও গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে অন্য একটি লেনে চলে গেলে খড়্গাপুরের দিকে যাওয়া অপর একটি ট্রাকের সঙ্গে সজোরে ধাক্কা লাগে ঘটনাস্থলেই গাড়ির চালক সহ সকলেই প্রাণ হারান। স্থানীয়দের সহযোগিতায় গ্যাস কাটার এনে দেহ গুলি গাড়ি থেকে বের করা হয়। তাদের নাম , পরিচয় এখনো জানা যায়নি তবে এরা সকলেই বর্ধমানের বাসিন্দা বলে পুলিশ জানিয়েছে । ট্রাক চালককে আটক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

নৈহাটি স্টেডিয়ামে গতকাল কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে মোহনবাগান সুপার জায়ান্ট ও জর্জ টেলিগ্রাফের মধ্যে খেলাটি অমীমাংসিত ভাবে শেষ হয়েছে। কোন পক্ষ গোল করতে পারেনি। ব্যারাকপুরে বেহালা এসএসসি ২-১ গোলে মেসারার্স কে হারিয়ে দিয়েছে। চুঁচুড়ায় আর একটি ম্যাচে কালীঘাট স্পোর্টস লাভারস এসোসিয়েশন ২-০ গোলে রেলওয়ে এফ সি পরাজিত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০